

ইউআইইউ'র সমাবর্তন অনুষ্ঠিত

শর্ত পূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা

শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেছেন, যে সব বেসরকারি বিশ্ববিদ্যালয় বারবার তাদের শর্ত পূরণে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া ছাড়া উপায় নেই। শনিবার সকালে বাড্ডার মাদানি এভিনিউতে এ সমাবর্তন অনুষ্ঠিত হয়। সমাবর্তনে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্যাজুয়েশন-পোস্ট গ্যাজুয়েশন এবং চারজনকে চির্নপদক দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা আমাদের সন্তান উল্লেখ করে মন্ত্রী বলেন, আমরা সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী শিক্ষার্থীদের মধ্যে কোনো পার্থক্য করি না। তারা সবাই আমাদের সন্তান এবং জাতির ভবিষ্যৎ। তিনি বলেন, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্থিতিশীল উন্নয়ন নিশ্চিত করতে বহুমাত্রিক কার্যক্রমের সঙ্গে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার যথোপযুক্ত পরিকল্পনা বিশ্ববিদ্যালয়গুলোকে থাকতে হবে। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস। সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। উপস্থিত ছিলেন— ইউআইইউ'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মোহাম্মদ হাসান মাহমুদ রাজা, ভিসি অধ্যাপক ড. চৌধুরী মফিজুর রহমান প্রমুখ।

যুগান্তর

রোববার ২১ জানুয়ারি ২০১৮
৮ মাঘ ১৪২৪



ইউআইইউ'র সমাবর্তনে এক শিক্ষার্থীর হাতে পদক তুলে দিচ্ছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ